

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৫.০১৮.০১.০০.০৩৫.২০১৫-২১৬

তারিখ : ০৩ এপ্রিল, ২০১৭

বিষয় : ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যানে আলেম-ওলামাগণের মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমান/অস্থায়ী টয়লেটের ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ প্রসঙ্গে।


সূত্রঃ ইসলামিক ফাউন্ডেশন এর স্মারক নং ১৬.০১.০০০০.০০১.১১.০১২.৯৩/৫৪০৬, তারিখ : ২৮/০৩/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামি ৬ এপ্রিল ২০১৭ বৃহস্পতিবার বেলা ৩:০০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানে লক্ষাধিক আলেম-ওলামাগণের এক মহাসম্মেলনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত মহাসম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মসজিদুল হারাম ও মসজিদে নববীর ভাইস প্রেসিডেন্ট শেখ ড. মুহাম্মদ বিন নাসের আল খুয়াদ্দিম এবং মসজিদে নববীর ইমাম ও খতীব জনাব শেখ ড. আব্দুল মুহসেন বিন মুহাম্মদ আল কাসিমসহ ৬ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল উক্ত মহাসম্মেলনে মান্যবর মেহমান হিসেবে উপস্থিত থাকবেন। এ মহাসম্মেলন বাংলাদেশ টেলিভিশনসহ কয়েকটি ইলেকট্রনিক মিডিয়ায় সরাসরি সম্প্রচার করা হবে। উক্ত মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমাণ/অস্থায়ী টয়লেটের ব্যবস্থা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ প্রয়োজন।

এমতাবস্থায়, ইসলামিক ফাউন্ডেশন-এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামি ৬ এপ্রিল ২০১৭ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানের মহাসম্মেলনে পানি সরবরাহ, ভ্রাম্যমান/অস্থায়ী টয়লেটের ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : বর্ণনামতে ১ ফর্দ।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোন : ৯৫৪০৩৭০
ই-মেইলঃ watersupply_02@yahoo.com

বিতরণ : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,
নগর ভবন, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক,
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি : (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১৭।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ✓ ৫। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।